

দরপত্র বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

সিপিএসসিএম/৩০১/দরপত্র


তারিখ : ১৭ অক্টোবর ২০২২

১। এতদ্বারা জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহীর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য ডায়েরি তৈরি/ছাপার নিমিত্তে বিভিন্ন ছাপাখানা/অগ্রহী ঠিকাদারদের নিকট হতে সীলমোহরকৃত খামে/ই-মেইলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

দরপত্রের শর্তাবলী নিম্নরূপ :

- ক। দরপত্রসমূহ আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখ ১৪০০ ঘটিকা পর্যন্ত অফিসে দরপত্র বাক্সে জমা দেয়া যাবে। এছাড়া ডাকযোগে বা ই-মেইলে (www.cpscmyn@gmail.com) প্রেরণ করা যাবে। ঐদিনই উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) ১৫০০ ঘটিকায় দরপত্রসমূহ কমিটি কর্তৃক খোলা হবে।
- খ। ডায়েরির ধরণ হবে-১। পৃষ্ঠা সংখ্যা ২০০, ১ম ৪ পৃষ্ঠা ৪ রং ১২০ গ্রাম আর্ট পেপার। ইনার ৬৫ গ্রাম সাদা কাগজ ১ রং মুদ্রণ। ডায়েরির সাইজ হবে ৭ ইঞ্চি x ৯.২৫ ইঞ্চি। ইয়ার প্ল্যানার ৪ রং মুদ্রণ ১২০ গ্রাম আর্ট পেপার যার সাইজ হবে ২৪ ইঞ্চি x ৯ ইঞ্চি (যাহা ডায়েরি শেষ পৃষ্ঠার সাথে সংযুক্ত থাকবে)।
- গ। ডায়েরির ধরণ হবে-২। পৃষ্ঠা সংখ্যা ১৫২, ১ম ৪ পৃষ্ঠা ৪ রং ১২০ গ্রাম আর্ট পেপার। ইনার ৬৫ গ্রাম সাদা কাগজ ১ রং মুদ্রণ। ডায়েরির সাইজ হবে ৭ ইঞ্চি x ৯.২৫ ইঞ্চি।
- ঘ। ডায়েরির সাথে রেক্সিন এর উপর এমবুশ প্রিন্ট কর্ণারসহ জুস সেলাই বাউন্ডিং নমুনা মোতাবেক হতে হবে।
- ঙ। দরপত্র দাতার দর সর্বনিম্ন হওয়া সত্ত্বেও দরপত্র দাতা প্রদত্ত ডায়েরির গুণগত মান রাখতে ব্যর্থ হলে যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কার্যাদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- চ। সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও ডায়েরির গুণগতমান বিবেচনায় কমিটি ও যথাযথ কর্তৃপক্ষ যে কাউকে ডায়েরি ছাপানোর কার্যাদেশ প্রদান ক্ষমতা রাখেন।
- ছ। কমিটির সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অবিনিমেয় চেকের মাধ্যমে পর্যায়ক্রমে বিল পরিশোধ করা হবে।

২। আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।


মুহাম্মদ আনিসুর রহমান
প্রভাষক ও সভাপতি, ডায়েরি তৈরি কমিটি ২০২২
অধ্যক্ষের পক্ষে

বিতরণ :

বহির্গমন :

কার্যক্রম :

সংস্থা/প্রতিষ্ঠান

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

স্টেশন সদর দপ্তর ময়মনসিংহ

এজিই (আর্মি) মোমেনশাহী

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী নোটিশ বোর্ড (বাহির)

ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নোটিশ বোর্ড